

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



গ্রহণ করে নেয়া বৃদ্ধিকরণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

ব্যবহৃত ভাষা অর্থ বহন করে। এর ক্ষমতা রয়েছে। এটি এমন একটি ধারণা যার উপর আমরা শিক্ষক এবং পিতামাতা হিসেবে প্রায়শই জোর দিই, তা আমাদের শিক্ষার্থীদের পড়তে শেখাতেই হোক কী তাদের জন-সংশ্লিষ্টতা বৃদ্ধি করতেই হোক।

আমি সম্প্রতি একটি শব্দ চয়নের বিষয়ে আলোকপাত করতে চাই, যা আমার দৃষ্টি কেড়েছে। কয়েক দিনের মধ্যেই, এপ্রিল মাস এসে যাবে, যা হচ্ছে অটিজম স্নিকৃতির মাস। এই মাসের উদ্দেশ্য শুধু অটিস্টিক মানুষদেরকে স্নিকৃতি দেয়াই নয়। এর নামের মধ্যেই বিষয়টি স্পষ্ট হয়ে আছে, লক্ষ্য হচ্ছে *গ্রহণ করে নেয়া*।

একটি পন্থা হলো অনুধাবন গড়ে তোলার মাধ্যমে এই গ্রহণকে লালন করা। আমি আমাদের স্পেশাল এডুকেশন অফিস থেকে একটি নির্দিষ্ট উদাহরণ তুলে ধরবো, যা তাদের অসাধারণ, [বিয়ন্ড অ্যাক্সেস সিরিজ](#) ওয়েবিনারের আয়োজন। এইসব ওয়েবিনারগুলো প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের সহায়তা করা বিষয়ক তথ্য শেয়ার করে, এবং

যদিও এগুলো পরিবারদের জন্য ডিজাইন করা হয়েছে, তবুও এগুলো স্কুলের কর্মী এবং কমিউনিটির সদস্যদের জন্যও অসাধারণ সংস্থান বা রিসোর্স।

গত সপ্তাহে, আমরা 5,000-এর অধিক অংশগ্রহণকারী পেয়েছি যারা সার্টিফাইড [IEP প্যারেন্ট সদস্য](#) হতে একটি সেশনের জন্য রেজিস্টার করেছে, এটি এমন একটি ভূমিকা যেখানে পিতামাতাগণ *অন্য* পিতামাতাদেরকে শিক্ষার্থীদের IEP মিটিংয়ে সহায়তা এবং পরামর্শ প্রদান করেন। এটি পরিবারদের জন্য অন্য পিতামাতাদেরকে সহায়তা করার পাশাপাশি তাদের উপলব্ধি এবং নিজেদেরকে বিশেষজ্ঞ হিসেবে গড়ে তোলার একটি উদ্ভাবনী সুযোগ—একটি আন্তরিক এবং অন্তর্ভুক্তিমূলক সংস্কৃতি গড়ে তোলার কী দারুণ একটি উপায়!

শীঘ্রই, আট (8) এপ্রিলে, আমাদের আরেকটি ওয়েবিনা আসছে। এটা সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) সুপারিশের উপর মনোনিবেশ করবে, এবং আমি আগ্রহী পরিবার এবং কর্মীদেরকে আজই [রেজিস্টার](#) করতে উৎসাহিত করছি। এবং নিশ্চয়ই, আপনি স্পেশাল এডুকেশন নতুন আঙ্গিকে রূপ দিতে, যেমন [আরও অন্তর্ভুক্তিমূলক ভাষার](#) ব্যবহার এবং আমাদের [Nest \(নেস্ট\)](#), [Horizon \(হরাইজন\)](#) এবং [AIMS প্রোগ্রাম](#)-এর সম্প্রসারণ ঘটাতে; যা অটিস্টিক শিক্ষার্থীদেরকে তাদের এলাকার স্কুলগুলিতে শিক্ষাদান করে; সেগুলো সম্পর্কে জানতে যেকোনো সময় আমাদের [ওয়েবসাইটে](#) যেতে পারেন।

এই মাসে, আসুন আমরা গ্রহণ করে নেয়ার প্রতি মনোনিবেশ করি। আমাদের সকল শিক্ষার্থী এটাই অনুভব করবে আমরা সেটাই আমরা, তাদের পরিচিতি বা প্রেক্ষাপট যাই হোক না কেন। আমরা অন্তর্ভুক্তি কীভাবে অগ্রসর করছি সেবিষয়ে জানার পাশাপাশি – মার্চের [উইমেন্স হিস্টরি \(নারী ইতিহাসের\) মাস উদযাপন](#) থেকে শুরু করে [আরব আমেরিকান হেরিটেজ \(আরব আমেরিকান ঐতিহ্যের\) মাসের প্রতি শ্রদ্ধা নিবেদন](#) পর্যন্ত, এবং এছাড়াও এই এপ্রিলে – আমরা কীভাবে প্রত্যেককে দেখা যায়, শোনা যায়, এবং তুলে ধরা যায় তা নিশ্চিত করছি, তা জানতে আমাদেরকে সোশ্যাল মিডিয়ায় [@nycschools](#) -এ অনুসরণ করুন।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।